



বাংলাদেশের
স্বৰ্ণ জন্মত্ব
Bangladesh ৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৫০৭.২২.২৭৮

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২২-২৩ মৌসুমে চুক্তিযোগ্য কিন্তু চুক্তি করেনি এমন মিলকে নোটিশ প্রদান।

সূত্র: প্রশাসন বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৩১.০৬.০০১.২২.৮৯৪(৪৫), তারিখ: ২২.১২.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি আমন সংগ্রহ মৌসুম/২০২২-২৩ শুরুর পূর্বে খাদ্য অধিদপ্তরে প্রেরিত চুক্তিযোগ্য সিঙ্ক চালকল মালিকের সংখ্যা ১২৬৮০ জন। গত ১৫/১২/২০২২ খ্রি, তারিখ পর্যন্ত চালকল মালিকদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা নির্ধারিত ছিল। নির্ধারিত তারিখ পর্যন্ত ৭০৯১ জন সিঙ্ক চালকল মালিকদের সাথে ৩,৭৩,৮৭২ মেটন চালের চুক্তি সম্পাদিত হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৭৪.৭৭%। চুক্তি করেনি এমন মিলের সংখ্যা (১২৬৮০ - ৭০৯১) = ৫৫৮৯টি। গত ১৮/১২/২০২২ খ্রি, তারিখে অনুষ্ঠিত খাদ্য অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় চলতি আমন মৌসুমে যে সব মিলার বরাদ্দ অনুযায়ী চুক্তি করেননি; তাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিঙ্কান্ত গৃহীত হয়।

এক্ষণে, খাদ্য অধিদপ্তরের অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিঙ্কান্ত মোতাবেক স্ব স্ব বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহে চলতি আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে চুক্তিযোগ্য যে সব মিলার বরাদ্দ অনুযায়ী চুক্তি সম্পাদন করেনি এমন মিলারদের কারণ দর্শানোর জন্য সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৫

২৭-১২-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৫০৭.২২.২৭৮/১(১১৯)

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৮) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ১০) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৭-১২-২০২২

মোঃ রায়হানুল কর্মীর
পরিচালক